

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শৃঙ্খলা শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

নং- ৯৯.০০.০০০০.১১৭.২৭.০৫০.১৭- প্র-৯

তারিখ: ০৮ মাঘ ১৪২৬  
২২ জানুয়ারি ২০২০

বিষয়ঃ বেগম শাকিলা করিম, পরিবার পরিকল্পনা কর্মকর্তা (লিভ রিজার্ভ) ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (পেনশন শাখা), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা-এর বিবুক্তে উত্থাপিত অভিযোগের ভিত্তিতে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে গুরুদন্ত প্রদানের লক্ষ্যে ‘বাংলাদেশ সরকারি কর্ম কমিশন’কে মতামত প্রদানের জন্য অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরে যোগদানকৃত বেগম শাকিলা করিম, পরিবার পরিকল্পনা কর্মকর্তা (লিভ রিজার্ভ) ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (পেনশন শাখা), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা এর বিবুক্তে উত্থাপিত অভিযোগের ভিত্তিতে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) অধ্যাদেশ, ১৯৮৫’ মোতাবেক শৃঙ্খলামূলক/বিভাগীয় ব্যাবস্থা গ্রহণ করার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) অধ্যাদেশ, ১৯৮৫’ মোতাবেক বিভাগীয় মামলা বুজু করে গত ১৩/১২/২০১২ খ্রি: তারিখের ৪৫.১৫১.০২৭. ০০.০০.০০৫.২০১২-১০৪ সংখ্যাক স্মারকের মাধ্যমে ‘১ম কারণ দর্শনো নোটিশ’ অভিযুক্তের নিকট প্রেরণ করা হয় (সংযোজনি-১)। যথাযথভাবে জারী হওয়ার পরও (সংযোজনি-২) দীর্ঘদিন তিনি ১ম কারণ দর্শনো নোটিশ এর জবাব প্রদান করেন নাই, সে প্রেক্ষিতে তার বিবুক্তে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করে তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, তার অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত হয়েছে (সংযোজনি-৩)। অতঃপর তার বিবুক্ত বর্ণিত বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক ‘হিতীয় কারণ দর্শনো নোটিশ’ জারি করার জন্য প্রেরণ করা হয় (সংযোজনি-৪)। প্রাপক বিদেশে থাকেন মর্মে মন্তব্য প্রদানপূর্বক নোটিশটি ফেরৎ আসে (সংযোজনি-৫)। পরবর্তীতে উক্ত ২য় কারণ দর্শনো নোটিশটি জারি করার জন্য মহাপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণ করা হয় এবং জারিপত্র পাওয়া গিয়েছে (সংযোজনি-৬)। নোটিশ জারির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কে তার স্থায়ী ঠিকানায় খুজে না পাওয়ায় তার বাড়ির কেয়ারটেকার জনাব মো: ছবির হোস্নের স্বাক্ষর গ্রহণপূর্বক তার নিকট বুঝিয়ে দেওয়া হয়। অভিযুক্ত কর্মকর্তার বিবুক্তে আনীত অভিযোগ ও প্রাসঙ্গিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত কর্মকর্তাকে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) অধ্যাদেশ, ১৯৮৫’ এর ৪(৩) (ডি) উপর্যুক্ত মোতাবেক সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, বেগম শাকিলা করিম, পরিবার পরিকল্পনা কর্মকর্তা (লিভ রিজার্ভ) ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (পেনশন শাখা), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা কে সরকারি চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার বিষয়ে ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮’ এর ১১(খ) বিধি বিধি মোতাবেক (যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) অধ্যাদেশ, ১৯৮৫’ এর ৪(৩) (ডি) উপর্যুক্ত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
(রেবেকা শুমাতোনা)  
সিনিয়র সহকারী সচিব  
Email: [disc1@mefwd.gov.bd](mailto:disc1@mefwd.gov.bd)

সচিব

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়  
শেরে-ই-বাংলা নগর, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ পরিচালক (প্রশাসন)

অন্তিম সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (চিঠিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৩। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা।  
(বর্ণিত বিষয়ে জরুরি ভিত্তিতে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো)  
৪। পিটেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (চিঠিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৫। অতিরিক্ত সচিব (জেনেৰেল, পঃ কঃ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
৬। বেগম শাকিলা করিম, পরিবার পরিকল্পনা কর্মকর্তা (লিভ রিজার্ভ) ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (পেনশন শাখা), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।